



বাংলাদেশ কৃষি ব্যাংক

মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উ.)

জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উত্তর) এর ২০২৩-২০২৪ অর্থবছরের ৩য় প্রান্তিকের (জানুয়ারি/২০২৪-মার্চ/২০২৪) শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মুহাম্মদ কামরুল হাসান
মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক (উপমহাব্যবস্থাপক)
তারিখ ও সময় : ২৪.০৩.২০২৪ খ্রি., সকাল ১১:০০ টা
স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উত্তর)
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

সভাপতি মহোদয় কর্মক্ষেত্রে শুদ্ধাচার চর্চার গুরুত্ব তুলে ধরার মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সুশাসন নিশ্চিতকরণে শুদ্ধাচার অনুশীলন একান্ত প্রয়োজন বলে সভাপতি মহোদয় অভিমত প্রকাশ করেন। কর্মক্ষেত্রে দক্ষতা ও জ্ঞানের সাথে কর্তব্যনিষ্ঠা, সততা, সময়ানুবর্তিতা, আইনের প্রতি আনুগত্য তথা শুদ্ধাচারের যাবতীয় বিষয়ে সু-সমন্বয় প্রয়োজন বলে তিনি মনে করেন। বর্তমান ব্যাংকিং খাতে শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ অতীব জরুরি বলে সভায় সকলে একমত প্রকাশ করেন। বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, ময়মনসিংহ (উ.) এর কর্মকর্তা/কর্মচারীদের সততা, নৈতিকতা ও কর্তব্যনিষ্ঠার দ্বারা প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠার মাধ্যমে সাবলীল কর্ম-পরিবেশ সৃষ্টির লক্ষ্যে সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সভার কাজ শুরু করেন।

২। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ কার্যালয়ের কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব রাজন দেবনাথ অক্টোবর/২০২৩ হতে ডিসেম্বর/২০২৩ সময়কালের ২য় প্রান্তিকের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা এবং বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে আলোকপাত করেন।

৩। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

ক) গ্রাহক বান্ধব ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে এবং দ্রুত সময়ের মধ্যে আনুষঙ্গিক কার্যাবলী সম্পাদন নিশ্চিত করতে হবে।

খ) শাখাকে লাভজনক পর্যায়ে উন্নীত করার জন্য ব্যবসায়িক লক্ষ্যমাত্রার শতভাগ অর্জনে সচেতন থাকতে হবে।

গ) কোনো অবস্থাতেই শাখাসমূহের শ্রেণিকৃত ঋণের পরিমাণ যেন বৃদ্ধি না পায় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ) মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন রোধে সকলকে সচেতন হতে হবে এবং RTGS, Online Transaction সহ দৈনন্দিন লেনদেন কার্যক্রমে সতর্ক থাকতে হবে।

ঙ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশক্রমে সকল শাখাকে পুনঃতফসিলকৃত ও শ্রেণিকৃত ঋণ আদায়ে সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রাখতে হবে।

চ) Deposit Mixup এর ক্ষেত্রে Low Cost Deposit এর উপর প্রত্যেক শাখাকে গুরুত্ব দিতে হবে। High Cost Deposit এর তুলনায় Low Cost Deposit বাড়ানোর ব্যাপারে শাখার সকল কর্মকর্তা/কর্মচারীর সম্পৃক্ততা জরুরি।

ছ) সকল প্রণোদনামূলক প্যাকেজসহ সিএমএসএমই (CMSME)- ২৫০০০ কোটি টাকা ও ACD-7 খাতে শাখাসমূহের নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ ঋণ বিতরণ করতে হবে।

জ) ৪% রেয়াতী সুদ হারে উপযুক্ত গ্রাহক বাড়াই করে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ঋণ বিতরণ করতে হবে।

ঝ) শাখা পর্যায়ে খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে দ্বিপাক্ষিক সভার মাধ্যমে খেলাপী ঋণ আদায় কার্যক্রম ত্বরান্বিত করা।


ঞ) সিএমএসএমই খাতে নারী উদ্যোক্তাদের জন্য বার্ষিক ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করতে হবে এবং এ উদ্দেশ্যে “Women Entrepreneur’s Development Unit” কর্তৃক শাখা পর্যায়ের “Women Entrepreneur’s Dedicated Help Desk” সমূহের কার্যক্রম মনিটর করতে হবে।

ট) ব্যাংকের বিভিন্ন প্রোডাক্ট পরিচিতি বা বিভিন্ন সেবার নিয়মাচার সরাসরি গ্রাহকের/জনসাধারণের কাছে পৌঁছে দেওয়া এবং বিক্রেতাদের গ্রাহক বান্ধব সেবা গ্রহণে অগ্রহীত করে তোলায় শাখার সহজে চোখে পড়ে এমন স্থানে পোস্টার লাগানোর ব্যবস্থা করতে হবে।

ঠ) গ্রাহকের মৌলিক তথ্যাদি ব্যাংকের সিবিএস (CBS) এ হালনাগাদ কার্যক্রম চলমান রেখে তা শতভাগ অর্জনের চেষ্টা অব্যাহত রাখতে হবে।

ড) উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ২০২৩-২০২৪ অর্থবছরের ৪র্থ ত্রৈমাসিক/প্রান্তিকের (এপ্রিল/২০২৪ হতে জুন/২০২৪) নৈতিকতা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

৪। সভায় আর কোনো আলোচ্য সূচি না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।



(মুহাম্মদ কামরুল হাসান)

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও

সভাপতি, শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি

স্মারক নং- মুআকা/ময়মন(উ.)/প্রশা-১(৭৬)/২০২৩-২০২৪/১৯৮৫(১৮)

তারিখ: ২৪.০৩.২০২৪ খ্রি.


সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ:

১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।

২। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

৩। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য অঞ্চল, ময়মনসিংহ (উ.)।

৪। নথি/মহানথি।


(রাজন দেবনাথ)
কর্মকর্তা